

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা  
(রাজস্ব শাখা)  
www.pabna.gov.bd

জেলা নদী রক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ জসিম উদ্দিন, জেলা প্রশাসক, পাবনা
স্থান	:	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
তারিখ	:	২৫ মার্চ, ২০১৮
সভার সময়	:	সকাল ১০.৪০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা ও সদস্য-সচিব, জেলা নদী রক্ষা কমিটি সভায় পাবনা জেলার মধ্যে দিয়ে প্রবাহিত নদ-নদীসমূহের নদীভিত্তিক তথ্যাদি উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র: নং	আলোচনার বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১।	উপজেলা ভিত্তিক নদীর উৎস মুখ থেকে পতিত মুখ পর্যন্ত দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা নির্ধারণ	উপজেলা ভিত্তিক নদীর বর্তমান দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা নিরূপণ সম্পর্কে আলোচনা হয় এবং নদীর উৎস মুখ থেকে পতিত মুখ পর্যন্ত নদী খননসহ বিভিন্ন প্রকল্প গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা ভিত্তিক নদীর বর্তমান দৈর্ঘ্য, প্রস্থ ও গভীরতা নিরূপণ করতে হবে এবং নদী খনন করার বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
০২।	উপজেলা ভিত্তিক নদীর সীমানা চিহ্নিতকরণ	উপজেলা ভিত্তিক নদীকে তার আদি অবস্থানে ফিরিয়ে নেয়ার জন্য CS ও RS নক্সা অনুযায়ী সীমানা চিহ্নিতকরণ করা সম্ভব হলে নদী রক্ষায় সহায়ক হবে মর্মে আলোচনা হয়। প্রয়োজনীয় সংখ্যক CS ও RS নক্সা এ কার্যালয়ের রেকর্ড রুম শাখা থেকে সংগ্রহ করার জন্য সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশনা প্রদান করা হয়।	(ক) উপজেলা ভিত্তিক CS ও RS নক্সা অনুযায়ী নদীর সীমানা চিহ্নিত করতে হবে এবং সীমানা চিহ্নিত করে আপাতত স্থানীয় সহযোগীতায় ১০০ মিটার পর পর সীমানা পিলার স্থাপন করতে হবে। (খ) সীমানা নির্ধারণের ক্ষেত্রে মামলা না হওয়ার লক্ষ্যে এ সংক্রান্ত মহামান্য হাই কোর্টের রায় বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
০৩।	নদীর মধ্যে নির্মিত বাঁধ, অবৈধ স্থাপনা চিহ্নিতকরণ, তালিকা প্রস্তুত ও কার্যক্রম গ্রহণ	নদীর মধ্যে নির্মিত বাঁধ, অবৈধ স্থাপনা চিহ্নিতকরণ এবং উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক তালিকা (পাকা/কাঁচা রাস্তা, বাঁধ, ব্রীজ, কালভার্ট, বালু ভরাট, সুইচ গেইট ইত্যাদি) প্রস্তুতপূর্বক যথাযথ উপায়ে অবৈধ স্থাপনা অপসারণ, বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।	(ক) নদীর মধ্যে নির্মিত বাঁধ, অবৈধ স্থাপনা চিহ্নিত করে তালিকা প্রস্তুত করতে হবে। (খ) নদীর গতিপ্রবাহে বাঁধা সৃষ্টি করে এমন স্থাপনা অপসারণ করে নদীর স্বাভাবিক গতিপথ সচল রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সওজ/ এল.জি.ই.ডি, পাবনা
০৪।	অবৈধ বাঁধ, কাঠামো, প্রতিষ্ঠানের নাম ও নদীর সংশ্লিষ্ট অংশে ওয়াকওয়ে/সবুজ বেস্টনী নির্মাণ	উপজেলা ভিত্তিক নদীর উপর স্থাপিত অবৈধ বাঁধ, কাঠামো, প্রতিষ্ঠানের নাম, নদীর সংশ্লিষ্ট অংশে ওয়াকওয়ে/সবুজ বেস্টনী নির্মাণের সম্ভাব্যতা যাচাই ও সুপারিশ প্রদানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	উপজেলা ভিত্তিক নদীর উপর স্থাপিত অবৈধ বাঁধ, কাঠামো, প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করতে হবে এবং নদীর সংশ্লিষ্ট অংশে ওয়াকওয়ে/সবুজ বেস্টনী নির্মাণের সম্ভাব্যতা যাচাই করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সওজ/ এল.জি.ই.ডি, পাবনা
০৫।	নদীর উৎস মুখ থেকে পতিত মুখ পর্যন্ত পানির অবাধ যাতায়াত	নদীর উৎস মুখে পানির অবাধ প্রবেশ এবং নদীর সর্বশেষ অবস্থানে (পতিত মুখে) পানির অবাধ যাতায়াতের জন্য গৃহীত ও গৃহীতব্য কার্যক্রম বিষয়ে সভায় আলোচনা হয়।	উৎস মুখে পানির অবাধ প্রবেশ এবং নদীর সর্বশেষ অবস্থানে (পতিত মুখে) পানির অবাধ যাতায়াতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
০৬।	নদী দূষণ রোধ	নদী দূষণ রোধে উপজেলা/ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক দূষণের প্রকৃতি, পরিমাণ ও মাত্রা দূষণকারীর নাম ও ঠিকানা সংগ্রহ এবং গৃহীত ও গৃহীতব্য কার্যক্রম সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নদীর দূষণ রোধকল্পে পরিবেশ অধিদপ্তরের সহায়তায় নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা

০৭।	নদীর জায়গা ইজারা প্রদান	নদীর জায়গা কোনক্রমেই ইজারা দেয়া যাবে না মর্মে সভায় আলোচনা হয়। ইজারা দেয়া হয়ে থাকলে বাতিল করার বিষয়েও সভায় বিস্তারিত আলোচনা করা হয়। একই সাথে চিরস্থায়ী বন্দোবস্ত কেসের মাধ্যমে যে সকল ভূমিহীনকে বিভিন্ন নদীর ভরাটকৃত/তীরবর্তী অংশে বন্দোবস্ত দেয়া হয়েছে, সে সকল বন্দোবস্ত কেসসমূহ বাতিলের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইতোপূর্বে নদীর কোন জায়গা ইজারা প্রদান করা থাকলে ইজারা অতিসত্বর বিধিমাতে বাতিল করতে হবে এবং নদীর জায়গা কোন ভূমিহীনকে বন্দোবস্ত দেয়া থাকলে জরুরী ভিত্তিতে বন্দোবস্ত কেসসমূহ বাতিল করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা
০৮।	নদী সংক্রান্ত মামলা	নদী নিয়ে এ পর্যন্ত কতটি মামলা হয়েছে তার সংখ্যা, মামলাগুলোর বর্তমান অবস্থা, অগ্রগতি ও কার্যক্রম সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	নদী সম্পর্কিত মামলার তথ্য সংগ্রহপূর্বক কার্যক্রম গ্রহণ করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা
০৯।	নদী ব্যবহারের মাধ্যমে আর্থ সামাজিক উন্নয়ন	নদী পুনরুদ্ধার বা তার গতি প্রবাহ স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনলে উপজেলা/ইউনিয়ন/ ওয়ার্ডে আর্থ সামাজিক কর্মকাণ্ডে কি ধরনের প্রভাব পড়বে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নদী কেন্দ্রীক জনগণের আর্থ সামাজিক কর্মকাণ্ডকে আরো গতিশীল ও বিস্তৃতি ঘটাতে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সওজ/ এল.জি.ই.ডি, পাবনা
১০।	নদী পুনরুদ্ধার	নদী পুনরুদ্ধারে এ পর্যন্ত কোন কোন সংস্থা কর্তৃক কি কি কার্যক্রম/প্রকল্প গ্রহণ করা হয়েছে সে বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নদী পুনরুদ্ধারে পানি উন্নয়ন বোর্ড ও জেলা/উপজেলা প্রশাসনকে সুনির্দিষ্ট পদক্ষেপ গ্রহণ করে তার তথ্য সংরক্ষণ করতে হবে এবং উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
১১।	উপজেলা নদী রক্ষা কমিটির সভাকরণ	নিয়মিত উপজেলা পর্যায়ে নদী রক্ষা কমিটির সভা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	নিয়মিত উপজেলা পর্যায়ে নদী রক্ষা কমিটির সভা করতে হবে এবং কার্যবিবরণী এ অফিসে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/ সহকারী কমিশনার (ভূমি), (সকল) পাবনা
১২।	বিবিধ	নদীর উভয় তীরবর্তী অবৈধ দখলদার উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের অবৈধ স্থাপনা নিজ খরচে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সরিয়ে নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। অবৈধ দখলদারদের নোটিশ প্রদান, মাইকিং করা ও অবৈধ স্থাপনায় পর্যায়ক্রমে লাল কালিতে চিহ্নিত করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। নদী রক্ষায় স্থানীয় পর্যায়ে জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি, গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে সভা ও সেমিনার আয়োজন করার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়।	নদীর উভয় তীরবর্তী অবৈধ দখলদার উচ্ছেদ এবং অবৈধ দখলদারদের অবৈধ স্থাপনা নিজ খরচে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে সরিয়ে নেয়ার জন্য অবৈধ দখলদারদের নোটিশ প্রদান, মাইকিং করা ও লাল কালিতে চিহ্নিত করতে হবে।  স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের সমন্বয়ে জনসচেতনতা মূলক কর্মসূচি তথা সভা ও সেমিনার আয়োজন করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), পাবনা/সহকারী কমিশনার (ভূমি), (সকল), পাবনা/ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড/সওজ/ এল.জি.ই.ডি, পাবনা

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জািসক উদ্দিন)  
জেলা প্রশাসক, পাবনা

ও  
সভাপতি

জেলা নদী রক্ষা কমিটি  
ফোন নং: ০৭৩১-৬৫৪৯৯

ই-মেইল: dcpabna@mopa.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা  
(রাজস্ব শাখা)  
www.pabna.gov.bd

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০২৮.৪০.২১০(১).১৮-৭০১(৭০)

তারিখ:- ২৭ মার্চ, ২০১৮

- ০১। মাননীয় সংসদ সদস্য, পাবনা-৪ ও মাননীয় মন্ত্রী, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৩। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ০৪। মাননীয় সংসদ সদস্য, পাবনা-১/পাবনা-২/পাবনা-৩/পাবনা-৫
- ০৫। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৬। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৯। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, হোসাইন টাওয়ার (১২ তলা), ১১৬, নয়াপল্টন, ঢাকা-১০০০
- ১১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
- ১২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
- ১৩। জেলা প্রশাসক,.....(সকল)
- ১৪। পুলিশ সুপার, পাবনা
- ১৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, পাবনা
- ১৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা
- ১৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বগুড়া
- ১৮। মেয়র, পাবনা পৌরসভা, পাবনা
- ১৯। উপজেলা চেয়ারম্যান,.....(সকল), পাবনা
- ২০। উপজেলা নির্বাহী অফিসার,.....(সকল), পাবনা
- ২১। সহকারী কমিশনার (ভূমি), .....(সকল), পাবনা
- ২২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পাবনা
- ২৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, পাবনা
- ২৪। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, পাবনা
- ২৫। জেলা মৎস্য কর্মকর্তা, পাবনা
- ২৬। বিভাগীয় বন কর্মকর্তা, পাবনা
- ২৭। জনাব.....



(মোঃ রুহুল আমিন)

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পাবনা

ও

সদস্য-সচিব

জেলা নদী রক্ষা কমিটি

ফোন নং: ০৭৩১-৬৬০৩৯

ই-মেইল: adcrpabna@gmail.com

